ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫১২২
মোহনপুর,৭ ফেব্রুয়ারি,২০২৬

**রাজ্যের বিভিন্ন পর্যটন ক্ষেত্রকে নতুন রূপে সাজিয়ে তোলা হচ্ছে : পর্যটনমন্ত্রী**

রাজ্যের বিভিন্ন পর্যটন ক্ষেত্রকে নতুন রূপে সাজিয়ে তোলা হচ্ছে। পাশাপাশি পর্যটকদের আকৃষ্ট করতে পারে এমন জায়গা পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। আজ মোহনপুর ব্লকের অন্তর্গত ব্রহ্মকুন্ড পর্যটন কেন্দ্র পরিদর্শনকালে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিক নির্দেশিকা অনুসারে রাজ্যে পর্যটনের প্রসারে ব্যাপক উদ্যোগ নেওয়া হয়েছে। শুধুমাত্র ব্রহ্মকুন্ড এলাকার উন্নয়নের জন্য ১৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ব্রহ্মকুন্ড রাজ্যের একটি অন্যতম ধর্মীয় পর্যটন কেন্দ্র। এই পর্যটন কেন্দ্রকে আরও আকর্ষণীয় করে তোলার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে।

ব্রহ্মকুন্ড পর্যটন কেন্দ্রের উন্নয়নের জন্য যে কর্মকান্ড চলেছে তা খতিয়ে দেখার জন্য পর্যটনমন্ত্রী আজ ব্রহ্মকুন্ড পরিদর্শন করেন। পর্যটনমন্ত্রীর সঙ্গে ছিলেন পর্যটন দপ্তরের সচিব উত্তম কুমার চাকমা, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সজল দেবনাথ এবং অন্যান্য আধিকারিকগণ।

*****